দৈনিক বাংলা

তারিখ ... 10.2.86 ...
পৃষ্ঠা ... ... কলাম ... 1 ...

081

# পরীক্ষার তারিখ

পরীক্ষার তারিখ আর পরীক্ষা নিয়ে ঝামেলার শেষ নেই। দেশ স্বাধীন হওয়ার পর বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের ক'টি পরীক্ষা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে তা গবেষণার বিষয়বস্তু হতে পারে। পরীক্ষার তারিখ নির্ধারণ এবং পরিবর্তন যেন নিয়মিত লয়ে চলছে।

তবে এ নির্ধারণ আর পরিবর্তনের প্রশ্নে একটি শুভ লক্ষণও দেখা যাচ্ছে। এককালে কোন কিছু ঘটলেই দেখা যেত কিছু কিছু ছাত্র মিছিল করে বা ঘেরাও করেই পরীক্ষার তারিখ পরিবর্তন করে নিয়েছে। এবার সে ধারায় কিছুটা পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাই পরীক্ষার তারিখ সরাবার বিরুদ্ধে সচেতন। তারা নিয়মিত পরীক্ষা অনুষ্ঠানের দাবী জানাচ্ছে।

তবু কিছু কিছু মহল আছে। পরীক্ষার তারিখ পরিবর্তনের দাবী করা যেন তাদের ব্যাধিতে পরিণত হয়েছে। যখন তখন যে কোন পরীক্ষার তারিখ পাল্টাবার দাবীদারের। অভাব হয় না। এমন একটি মহল দাবী করেছে এসএসসি পরীক্ষার তারিখ পরিবর্তনের জন্য।

আমরা মনে করি এ ধরনের সিদ্ধান্ত পরিবর্তনের কোন অবকাশ নেই। আমাদের দেশে দীর্ঘদিন ধরে ইংরেজী বছরের প্রথমেই বিভিন্ন কারণে এ ধরনের পরীক্ষা অনুষ্ঠিত হয়ে আসছে। বিশেষ করে আবহাওয়ার কারণেই এ সময়ে পরীক্ষা অনুষ্ঠান বাঞ্ছনীয়। এছাড়া এ বছর এমন কোন ঘটনা ঘটেনি যার জন্য পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হবে। আমরা আশা করব সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরীক্ষার তারিখ সম্পর্কে অনড় থাকবেন এবং এ নিয়ে সংশয় সৃষ্টির অবকাশ দেবেন না।